

# ■■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০০৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ২১৩৮]

২৬/ ক্রয় - বিক্রয় (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ১৩৩৩. যদি কোন ব্যক্তি দ্রব্য সামগ্রী বা জানোয়ার খরিদ করে হস্তগত করার পূর্বে তা বিক্রতার নিকটই রেখে দেয়, এরপর বিক্রেতা সে পন্য বিক্রি করে দেয় বা বিক্রেতা মারা যায়। ইবন উমর (রাঃ) বলেন, যদি বিক্রয়কালে বিক্রিত পশু জীবিত ও যথাযথ অবস্থায় থাকে (এবং পরে তার কোন ক্ষতি হয়) তবে তা ক্রেতার মাল নষ্ট হয়েছে বলে গন্য হবে।

باب إِذَا اشْتَرَى مَتَاعًا أَوْ دَابَّةً فَوَضَعَهُ عِنْدَ الْبَائِعِ، أَوْ مَاتَ قَبْلَ أَنْ يُقْبَضَ وَقَالَ ابْنُ عُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا مَا أَدْرَكَتِ الصَّفْقَةُ حَيًّا مَجْمُوعًا فَهُوَ مِنَ الْمُبْتَاعِ

### আরবী

حَدَّثَنَا فَرْوَةُ بْنُ أَبِي الْمَغْرَاءِ، أَخْبَرَنَا عَلِيُّ بْنُ مُسْهِرٍ، عَنْ هِشَامٍ، عَنْ أَبِيهِ، عَنْ عَائِشَةَ ـ رضى الله عنها ـ قَالَتْ لَقَلَّ يَوْمٌ كَانَ يَأْتِي عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم إلاَّ يَأْتِي فِيهِ بَيْتَ أَبِي بَكْرٍ أَحَدَ طَرَفَى النَّهَارِ، فَلَمَّا أُذِنَ لَهُ فِي الْخُرُوجِ إِلَى الْمَدِينَةِ لَمْ يَرُعْنَا إِلاَّ وَقَدْ بَيْتَ أَبِي بَكْرٍ أَجَدَ طَرَفَى النَّهَارِ، فَقَالَ مَا جَاءَنَا النَّبِيُّ صلى الله عليه وسلم فِي هَذهِ السَّاعَةِ، أَتَانَا ظُهْرًا، فَخُبِّرَ بِهِ أَبُو بَكْرٍ فَقَالَ مَا جَاءَنَا النَّبِيُّ صلى الله عليه وسلم فِي هَذهِ السَّاعَةِ، إلاَّ لأَمْرٍ حَدَثَ، فَلَمَّا دَخَلَ عَلَيْهِ قَالَ لأَبِي بَكْرٍ " أَخْرِجْ مَنْ عِنْدَكَ ". قَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ عَنْدَكَ ". قَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ عَنْدَى يَعْنِي عَائِشَةَ وَأَسْمَاءَ. قَالَ " أَشَعَرْتَ أَنَّهُ قَدْ أُذِنَ لِي فِي الْخُرُوجِ ". قَالَ المَّحْرَبُ مَنْ عِنْدِي نَاقَتَيْنِ أَعْدَدْتُهُمَا الْمَثُحْبَةَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ عِنْدِي نَاقَتَيْنِ أَعْدَدْتُهُمَا لِلْخُرُوجِ، فَخُذْ إِحْدَاهُمَا. قَالَ " الصَّحْبَة ". قَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ عِنْدِي نَاقَتَيْنِ أَعْدَدْتُهُمَا لِلْخُرُوجِ، فَخُذْ إِحْدَاهُمَا. قَالَ " قَدْ أَخَذْتُهَا بِالتَّمَنِ ".

#### বাংলা

২০০৫. ফারওয়া ইবনু আবূল মাগরা (রহঃ) ... আয়িশা (রাঃ) সূত্রে বর্ণিত, এমন দিন খুব কমই গিয়েছে, যে দিন সকালে বা বিকালে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম (আমার পিতা) আবূ বকর (রাঃ) এর ঘরে আসেন নি। যখন তাঁকে (মহান আল্লাহ্ তা'আলার পক্ষ হতে) মদিনার উদ্দেশ্যে বের হওয়ার অনুমতি দেওয়া হল, তখন তিনি একদিন দুপুরের সময় আগমন করায় আমরা শংকিত হয়ে পড়লাম। আবূ বকর (রাঃ) কে এ সংবাদ জানানো হলে তিনি বলে উঠলেন, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বিশেষ কোন ঘটনার কারনেই অসময়ে আগমন করেছেন। যখন নবী করীম সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম প্রবেশ করলেন, তখন তিনি আবূ বকর (রাঃ)-কে বললেন, যারা তোমার কাছে আছে তাদের সরিয়ে দাও।



আবৃ বকর (রাঃ) বললেন, ইয়া রাসূলাল্লাহ! এরা তো আমার দুই কন্যা 'আয়িশা ও আসমা'। তিনি বললেন, তুমি কি জানো, আমাকে তো বের হওয়ার অনুমতি দেওয়া হয়েছে? আবৃ বকর (রাঃ) বললেন, আপনার সফর সঙ্গী হওয়া আমার কাম্য ইয়া রাসূলাল্লাহ! তিনি বললেন, হ্যাঁ, তুমি আমার সফর সঙ্গী হবে। আবৃ বকর (রাঃ) বললেন, ইয়া রাসূলাল্লাহ! আমার কাছে দুটি উটনী রয়েছে, যা আমি হিজরতের জন্য প্রস্তুত রেখেছি। এর একটি আপনি গ্রহন করুন। তিনি বললেন, আমি মূল্যের বিনিময়ে তা গ্রহন কর্লাম।

## **English**

#### Narrated Aisha:

Rarely did the Prophet (\*) fail to visit Abu Bakr's house everyday, either in the morning or in the evening. When the permission for migration to Medina was granted, all of a sudden the Prophet (\*) came to us at noon and Abu Bakr was informed, who said, "Certainly the Prophet (\*) has come for some urgent matter." The Prophet (\*) said to Abu Bark, when the latter entered "Let nobody stay in your home." Abu Bakr said, "O Allah's Messenger (\*)! There are only my two daughters (namely `Aisha and Asma') present." The Prophet (\*) said, "I feel (am informed) that I have been granted the permission for migration." Abu Bakr said, "I will accompany you, O Allah's Messenger (\*)! The Prophet (\*) said, "You will accompany me." Abu Bakr then said "O Allah's Messenger (\*)! I have two she-camels I have prepared specially for migration, so I offer you one of them. The Prophet (\*) said, "I have accepted it on the condition that I will pay its price."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন